


বাঙালি মনীষার বহু রত্নের জন্মলগ্ন
জুড়ে আছে এই মে মাস। আমরা গর্বিত।

An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

DATE OF PUBLISHING
3rd MAY'2024

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৭৪

## ASSOCIATION SAMBAD MAY 2024

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

মে - ২০২৪

## সম্পাদকের কলমে

**বাতাস আমারে হৃদয়ে লয়েছে, আলোক আমার তনুতে,**
**গগন ভরা প্রভাত পশিল আমার অণুতে অণুতে...**

ঋতু চক্রের পালা বদলে, বর্ণিল বৈশাখের আগমনে, সংস্কৃতি ও ঐতিহ্যের অবিচ্ছেদ্য অংশ হিসাবে, আপামর বাঙালি জাতি বর্ষবরণে মেতে উঠে অনুভব করেছে, বরিষ ধরা মাঝে শান্তির বারি। পুরানো স্মৃতি উজান বেয়ে মন ছুঁলে আজও ভাবতে বসি, ছোটবেলায় সাইকেল নিয়ে, আমার মফস্বল শহরকে পিছনে রেখে দামোদর নদের ধার ধরে যখন আমাদের গ্রামের বাড়িতে পৌঁছাতাম, বাংলা নববর্ষের সকালে, চৈত্র সেলে কিনে রাখা ঢিলে ঢালা নতুন পোশাক পড়ে, আম পোড়া শরবত খাওয়া থেকে শুরু করে নিয়ম করে, জল ঢালা পান্তা ভাত, ডালের বড়ার টক, বড়ি পোস্ত, কাঁচা লঙ্কা পুড়িয়ে সর্ষের তেল, আর লবণ মাখানো আলুসিদ্ধ সঙ্গে ভাজা পুঁটি মাছ এইসব উপাদেয় খাবারের স্বাদ গ্রহণ করার সুযোগ পেতাম। এখন শুকনো তুলসী মঞ্চে নিষ্প্রদীপ অন্ধকার গ্রাস করে, শূন্য ঘর, শূন্য গোলা, ধান-বোনা জমি সব কিছু ফেলে রেখে, গ্রাম উঠে গিয়েছে শহরে, আরও শিক্ষিত মানুষ হওয়ার আকাঙ্ক্ষায়। শিক্ষা এবং আর্থিক উন্নতি ঘটিয়ে, ভালবাসার রূপ বদলেছে। শহর নগরে সুশোভিত রেস্তোরাঁয়, ঐতিহ্যবাহী খাবার রূপ বদলে জায়গা করে নিয়েছে, বাসন্তী পোলাও, কষা মাংস, ইলিশ ভাপা, চিংড়ির মালাইকারী, ভেটকি পাতুরি এইসব রাজসিক পদে। যদিও সংশয় এখনো কাটেনি, সংস্কারকে জলাঞ্জলি দিয়ে, আমরা সকলে ঠিক কতোটা "মানুষ" হতে পেরেছি।

ঐতিহ্যবাহী লোক উৎসব, পয়লা বৈশাখ যেমন প্রাণ পেয়েছে, বাংলার ঘরে ঘরে ঠিক তেমনই প্রতিবেশী রাজ্যগুলিতে অর্থাৎ আসামে রঙ্গালি বিহু, উড়িষ্যায় পানা সংক্রান্তি, বিহারে বৈশাখী, তামিলনাড়ুতে পুথান্ডু, কেরালায় পূরম বিষু ইত্যাদি নানান রকমারি উৎসবে মেতে উঠেছে অসংখ্য মানুষ। শুধু ভারতবর্ষ নয়, ইরানেও ঐতিহ্যবাহী নববর্ষ "নওরোজ" সাড়ম্বরে পালিত হয়। আফগানিস্তান, তাজিকিস্তান এবং প্রাচীন ইরানের একটি অংশ হিসাবে উজবেকিস্তানেও এই সঙ্গীত, নৃত্য এবং বিশেষ ভোজ উৎসবে মেতে উঠেন আপামর জনসাধারণ। গমের দানাকে ভিজিয়ে অঙ্কুরিত করে, একটি পেস্ট তৈরি করে, বিশেষ প্রক্রিয়ায় কয়েকঘন্টা রান্না করে এই উৎসবের প্রধান খাদ্য হিসাবে, "সুমন্যাক" বা "সামানু" নামক পদটি মিষ্টি ডেজার্ট হিসাবে বিতরণ করা হয় সকলের মধ্যে।

## বেঙ্গল অ্যাসোসিয়েশন নিজস্ব সংবাদ


গত ১৩ই এপ্রিল, প্রতি বছরের ন্যায়, এবছরেও বেঙ্গল অ্যাসোসিয়েশনের "বর্ষ বিদায় বর্ষ বরণ" অনুষ্ঠান পালিত হয়েছে বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা প্রেক্ষাগৃহে। সান্ধ্যকালীন এই বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানে, সমবেত সঙ্গীত পরিবেশন করেছিলেন ছন্দবাণী, নৃত্য পরিবেশন করেছিলেন কলাসন্ধানী গ্রুপ এবং একক সঙ্গীত পরিবেশনে ছিলেন রজত চক্রবর্তী।

# বেঙ্গল অ্যাসোসিয়েশনের আগামী অনুষ্ঠান।

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, দীর্ঘ কয়েক দশক ধরে, 'ভারতের সংস্কৃতি মন্ত্রকের অধীনে, সাহিত্য আকাদেমি, ললিত কলা আকাদেমি এবং সঙ্গীত নাটক আকাদেমির সাথে সহযোগিতায় গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উপলক্ষ্যে ঐতিহ্যবাহী প্রভাতী অনুষ্ঠানের আয়োজন করে থাকে। কবিগুরুর ১৬৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, আগামী ৫ই মে রবিবার সকাল সাড়ে ছ'টায় মান্ডি হাউসের সন্নিকটে কোপারনিকাস মার্গে রবীন্দ্র ভবন প্রাঙ্গণে, প্রতিবছরের ন্যায় এবছরের প্রভাতী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এবছরে, দেশের অন্যতম বৃহত্তম টিভি নেটওয়ার্ক TV9 ডিজিটাল এবং নিউজ 9 প্লাস, আমাদের মিডিয়া পার্টনার হিসাবে, এই ঐতিহ্যবাহী অনুষ্ঠানটিকে সকলের কাছে পৌঁছে দিয়ে, আরও চিত্তাকর্ষক করে তোলার দায়িত্ব গ্রহণ করেছে।

রাজধানী দিল্লি শহরের ছয়ঘন্টা ব্যাপী এই সুবৃহৎ প্রভাতী অনুষ্ঠানে, বিশেষ আকর্ষণ হিসাবে, রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের শতাধিক উৎসাহী ব্যক্তি এবং সঙ্গীতের দলগুলি, তাঁদের গান, কবিতা, নৃত্য, নাট্যাংশ বা পাঠে অংশ নেবেন। আমরা ইতিমধ্যে অসংখ্য আবেদন পেয়ে, বাছাই পর্বের মাধ্যমে, আমাদের সীমিত ক্ষমতা অনুসারে চেষ্টা করেছি, নতুন প্রতিভাদের সুযোগ করে দিতে। রাজধানী শহরে, বাঙালি প্রজন্মকে, সুস্থ সাংস্কৃতিক বাতাবরণ দেওয়ার লক্ষ্যে, আগামীতে আমরা আরও নতুন প্রতিভা অন্বেষণে ব্রতী হয়ে তাঁদের মঞ্চের সুযোগ করে দিতে সচেষ্ট হবো।

অবনী লাহিড়ীর উদ্যোগে বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে 'দিগন্ত' সাহিত্য পত্রিকাটি প্রকাশিত হয়। ১৯৭৯ সালে তৎকালীন সাধারণ সম্পাদক প্রয়াত অমরেশ গাঙ্গুলীর প্রচেষ্টায় এবং সেবাব্রত চৌধুরীর সম্পাদনায় 'দিগন্ত' নতুন চেহারায় 'দিগঙ্গন' নামে আত্মপ্রকাশ করে। সেই ঐতিহ্যবাহী ধারা, বজায় রেখে



ব্যক্ত হোক জীবনের জয়,
ব্যক্ত হোক
তোমামাঝে অসীমের চিরবিস্ময়।
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
রবীন্দ্র জয়ন্তী,
প্রভাতী অনুষ্ঠান
৫ই মে, ২০২৪ রবিবার
সকাল ৬-৩০ টায়
রবীন্দ্র ভবন প্রাঙ্গণ
মান্ডি হাউস
OUR MEDIA PARTNER
TV9 DIGITAL
news nine PLUS
World's First News OTT




নবীন
রঙে
রবি ঠাকুর
চল সবাই রবি ঠাকুর বানাই
সক্কাল সক্কাল ৫ ই মে, রবিবারের দিন
আসবে সব্বাই রবীন্দ্র ভবন, দারুন জমবে সিন্।
রবীন্দ্র জয়ন্তী সেলেব্রেশন, থাকবো মোরা সবে,
তোমরা এলে দেখবে তখন কেমন মজা হবে।
গান কবিতার মাঝে এবার আর একটা চমক আছে,
শুনলে সে সব নতুন চমক, দেখবে মনটা কেমন নাচে।
বাচ্চারা সব সেখানে এলে, সাদা কাগজ পাবে,
কিন্তু রঙ তুলি আর পেন পেন্সিল নিজেই আনতে হবে।
ক্লাস ওয়ান থেকে ক্লাস এইট, তোমরা সবাই বসতে পারো,
আর হাথে ওই যে কাগজ পেলে ? রবি ঠাকুর আঁকো বড়ো বড়ো।
আঁকার শেষে সবাই পাবে সার্টিফিকেট - আর -----
এই ভাবেই তো রবি ঠাকুর আমাদের সব্বার।
TICONDEROGA BEGINNERS

এই পত্রিকাটি নিয়মিতরূপে প্রকাশ হয়ে আসছে। আগামী ৫ই মে, রবিবার রবীন্দ্র ভবন প্রাঙ্গণে কবিগুরুর জন্মবার্ষিকী উপলক্ষ্যে, প্রভাতী অনুষ্ঠানে, এই দিগঙ্গন পত্রিকার "বৈশাখী সংখ্যা" প্রকাশিত হবে। বহির্বঙ্গে বাংলা ভাষার প্রসার এবং সংরক্ষণে, সকল সাহিত্য প্রেমী মানুষের কাছে, এই ঐতিহ্যবাহী দিগঙ্গন পত্রিকার আজীবন সদস্যতা গ্রহণ করে, এই প্রাচীন পত্রিকাটির চলার পথ মসৃণ রাখার অনুরোধ জানাই। আগামী প্রভাতী অনুষ্ঠানে আনুষ্ঠানিক প্রকাশের পর, দিগঙ্গন পত্রিকার গ্রাহক হওয়ার আবেদন পত্র, রবীন্দ্রভবন প্রাঙ্গণে, আমাদের দিগঙ্গন পত্রিকার স্টলে পাওয়া যাবে।


## আনন্দ সংবাদ

গত ২২শে এপ্রিল, বিখ্যাত রবীন্দ্র সঙ্গীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা, সম্প্রতি ভারতের রাষ্ট্রপতি দ্বারা "পদ্মশ্রী" সম্মানে সম্মানিত হয়েছেন। গত ২৩শে এপ্রিল চিত্তরঞ্জন পার্কে, "বিকল্প" নাট্যগোষ্ঠীর আয়োজিত একটি ঘরোয়া সান্ধ্য অনুষ্ঠানে, দিল্লির বাঙালীদের পক্ষ থেকে প্রিয় বন্যাদিকে সম্মান জ্ঞাপন করা হয়েছে। বিকল্প গোষ্ঠীর কর্ণধার বাদল রায়ের বিশেষ আমন্ত্রণে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, এই সুবিখ্যাত কন্ঠশিল্পীকে সম্মানিত করার সুযোগ পায়। এই অনুষ্ঠানে দিল্লির কয়েকজন বিশিষ্ট ব্যক্তি ও সংস্থার সাথে উপস্থিত ছিলেন, আমাদের সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী এবং সাংস্কৃতিক বিভাগের আহ্বায়ক সরিতা দাস।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের কার্যকরী সমিতির গুরুত্বপূর্ণ সদস্য এবং সাহিত্য বিভাগের প্রধান শ্রী সুমন্ত ভৌমিক, সম্প্রতি রাষ্ট্রপতি ভবনের ইতিহাস সংক্রান্ত একটি প্রকল্পে বিশেষজ্ঞ সমিতিতে মনোনীত হয়েছেন। ওনার এই কৃতিত্বে, আমাদের সকল কার্যকরী সমিতির তরফ থেকে, ওনাকে অজস্র অভিনন্দন এবং আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করা হলো। আপনার গর্বে আমরা সকলেই গর্বিত অনুভব করছি।

## বিশেষ সংবাদ

বাংলা নববর্ষ উদ্‌যাপনের অঙ্গ হিসাবে, রাজধানী বিখ্যাত স্বেচ্ছাসেবী সংস্থা পূর্ব দিগন্ত ফাউন্ডেশন এবং অন্য আরও একটি জনপ্রিয় সংস্থা লে রিদমের সাথে গাঁটছড়া বেঁধে, *Food@52*, অর্থাৎ প্রতি সপ্তাহান্তে অভাবী বাচ্চাদের পুষ্টিকর খাবার বিতরণ সংক্রান্ত একটি বিশেষ উদ্যোগ সূচনা করেছে।


'গাহি সাম্যের গান-
মানুষের চেয়ে বড় কিছু নাই,
নহে কিছু মহীয়ান।'
১২৫ তম
নজরুল জয়ন্তী উপলক্ষে
কবিপ্রণাম
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI

গত ২১শে এপ্রিল, মাতৃমন্দির কালীবাড়ি প্রাঙ্গণে বর্ষবরণ উৎসবকে কেন্দ্র করে, গান, আবৃত্তি, কবিতা আলোচনা সব মিলিয়ে একটি জমজমাট সন্ধ্যার আয়োজন হয়েছিল। আসরের প্রতি অকুন্ঠ ভালবাসা নিয়ে উপস্থিত ছিলেন বিদগ্ধ শ্রোতারা। অসংখ্য গুণী মানুষের মাঝে, আমাদের বেঙ্গল অ্যাসোসিয়েশনকে এই পূর্ণলগ্নে আমন্ত্রণ জানানো হয়। ওনাদের এই আমন্ত্রণে সম্মানিত বোধ করে, উপস্থিত হয়েছিলেন আমাদের সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী। প্রবাসে বাংলা ভাষার প্রচার ও প্রসার সম্বন্ধে বক্তব্য রাখার পর, শ্রী গাঙ্গুলী উপস্থিত সকলের সামনে আবৃত্তি পাঠ করে শোনান। অনুষ্ঠানের প্রথা অনুযায়ী এপ্রিল মাসে যাদের জন্ম একটি লাল গোলাপ দিয়ে তাঁদের সুস্থ, দীর্ঘ জীবন কামনা করা হয়। ‘মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা’ গানটি সমবেত কন্ঠে গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।


গত ২৮শে এপ্রিল, চিত্তরঞ্জন পার্ক কালীবাড়ি প্রাঙ্গণে, রাজধানী দিল্লির জনপ্রিয় “কলমের সাত রঙ” ম্যাগাজিনের তরফ থেকে একটি সাহিত্য সভার আয়োজন করা হয়েছিল। উক্ত অনুষ্ঠানে, বহু গুণী ব্যক্তি এবং পাঠকের উপস্থিতিতে, কলমের সাত রঙ পত্রিকার বৈশাখ সংখ্যার উন্মোচন করা হয়।

আগামী ১৮ই মে, ২০২৪ বিকাল ৫টা থেকে, পূর্বাঞ্চল বঙ্গীয় সমিতি, ময়ূর বিহার ফেজ ১ কালীবাড়িতে রবীন্দ্রজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রতি বছরের ন্যায় এবছরেরও, রাজধানী দিল্লি সহ সন্নিহিত অঞ্চলের অসংখ্য রবীন্দ্রপ্রেমী মানুষ এই অনুষ্ঠানে অংশ নেবেন।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ১৩ই এপ্রিল, লে রিদম এবং DLF দুর্গাপূজা এবং বেঙ্গলি কালচারাল সোসাইটি (DCDP) গুরগাঁওয়ের যৌথ উদ্যোগে, গুরগাঁও কমিউনিটি সেন্টারে, বর্ষ বিদায় ও বর্ষ বরণ উপলক্ষ্যে, একটি বিশেষ অনুষ্ঠান “নব আনন্দে জাগো” আয়োজিত হয়েছে।

গত ১৩ই এপ্রিল, আরাবল্লী বেঙ্গলী কালচারাল সোসাইটির বর্ষবরণ উপলক্ষ্যে একটি সাংস্কৃতিক সন্ধ্যার জমজমাট অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। সেদিন ক্লাবের সদস্যরা সমবেত সঙ্গীত পরিবেশনা দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করার পর, অন্যান্যদের



"তোমার রক্ত কণায় ঠাঁই নিয়ে মা ধন্য হলাম আমি,
চোখ মেলতেই তোমার দু-চোখ দেখতে পেলাম আমি"

BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI

# মাতৃ দিবসের শুভেচ্ছা

গানে, কবিতায় এবং নৃত্যে মুখরিত হয়ে উঠে কমিউনিটি হল প্রাঙ্গণ। কাণায় কাণায় পূর্ণ দর্শকাসন দেখে শিল্পীরা আরও উজাড় করে দেন নিজেদের। পরিশেষে নানাবিধ উপাদেয় খাদ্যের সম্ভারে উদ্‌যাপনের মধুর সমাপ্তি ঘটে।

গত ১৭ই এপ্রিল, বাংলাদেশ হাইকমিশন দিল্লির উদ্যোগে, জহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের কনভেনশন সেন্টারে, পহেলা বৈশাখ উপলক্ষ্যে বর্ষবরণ উৎসব উদযাপিত হয়েছে।

গত ২০শে এপ্রিল, চিত্তরঞ্জন পার্কের বি-৩৯৫, বেসমেন্টে, নববর্ষ উদ্‌যাপন হিসাবে শ্রুতি নাটক পরিবেশন সহ দিল্লির কয়েকটি জনপ্রিয় গানের দল, সঙ্গীত পরিবেশন করেন। উক্ত দিন সন্ধ্যায়, "জাদু শহরের টান" বইটিরও আনুষ্ঠানিক প্রকাশ উপলক্ষ্যে বহু সংস্কৃতি প্রেমী ব্যক্তিদের মাঝে বিশ্ববিখ্যাত মহান লেখিকা তসলিমা নাসরিনের উজ্জ্বল উপস্থিতি সকলকে এক মুগ্ধতার আবেশে বেঁধে ফেলে।

গত ২১শে এপ্রিল, সন্ধ্যা, মাই আর্ট এন্ড কালচার সোসাইটির উদ্যোগে, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, একটি আসাধারণ সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয়েছিল। সঙ্গীত পরিবেশনে উপস্থিত ছিলেন, প্রখ্যাত সঙ্গীত শিল্পী বিদূষী প্রভাতী মুখোপাধ্যায় এবং ওনার সুযোগ্যা কন্যা তনয়া ভাদুড়ী।

গত ২৩শে এপ্রিল, রাজধানী দিলি্র বিশিষ্ট সঙ্গীতের দল, রবিগীতিকা, চিত্তরঞ্জন পার্কের দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটি হলে, "সুধীর চন্দ স্মৃতি পুরস্কার ২০২৪" শীর্ষক একটি রবীন্দ্রসঙ্গীত প্রতিযোগিতার আয়োজন করেছিল। রাজধানী দিল্লি শহরের সাতটি স্কুলের নির্বাচিত শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিল। এই প্রতিযোগিতার বিশিষ্ট বিচারকমণ্ডলী ছিলেন শ্রী নবারুণ ভট্টাচার্য, শ্রীমতী শর্মিষ্ঠা মুখোপাধ্যায় এবং শ্রী শ্যাম বন্দ্যোপাধ্যায়। অংশগ্রহণকারীদের মধ্যে তিনজন কৃতী ছাত্রীদের একটি করে ইলেকট্রনিক তানপুরা পুরস্কার দেওয়া হয়। ছাত্রছাত্রীরা তাদের অসাধারণ উপস্থাপনায়, উপস্থিত সকল দর্শকের মনে বিশেষ জায়গা করে নিয়েছে।

গত ২৭শে এপ্রিল সন্ধ্যায়, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের উদ্যোগে, লাইব্রেরী হলে, একটি সাহিত্য আলোচনা সভার আয়োজন করা হয়েছিল। উক্ত অনুষ্ঠানে, মূল বির্তকের বিষয় ছিল, "উত্তম-সুচিত্রা যুগের অবসানে বাংলা ছায়াছবির সাথে সাথে বাংলা গানের ক্ষেত্রেও সৃজনশীলতার হানি ঘটেছে।" রাজধানী শহরের বহু গুণী ব্যক্তি এই বিতর্ত সভায় অংশ নেন।

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**

গত ২৭শে এপ্রিল, মুক্তধারা মঞ্চে, নৃত্যাগমন স্কুল অফ পারফর্মিং আর্টস আয়োজিত একটি সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠানে, বিখ্যাত ওডিসি নৃত্যশিল্পী অনুসূয়া চৌধুরী একটি একক নৃত্য পরিবেশন করেছেন।

গত ২৮শে এপ্রিল রবিবার, সুরালাপ গ্লোবাল মিউজিক কনসার্ট ও দক্ষিণ দিল্লি কালীবাড়ির যৌথ উদ্যোগে, একটি বাংলা কীর্তন সন্ধ্যার আয়োজন করা হয়েছিল। এই বিশেষ কীর্তন কর্মশালার আয়োজনে বহু উৎসাহী মানুষ, কীর্তনের বির্বতন, তালের জ্ঞান, কীর্তনের ধরণ, আখর ও দোহার, লীলা কীর্তন ও কালি কীর্তন গান ও বিবরণ সম্পর্কিত সুধা আকুন্ঠ পান করার সুযোগ পেয়েছেন।


গত ২৮শে এপ্রিল রবিবার, বাংলা নববর্ষ উদযাপনের অঙ্গ হিসাবে, ইমপ্রেসারিও ইন্ডিয়ার উদ্যোগে, ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারে, "এই ছন্দে এ আনন্দে" শীর্ষক একটি দুর্দান্ত সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন হয়েছিল। এই দিন সন্ধ্যায় কিছু ভালোলাগা গান এবং আবৃত্তি পরিবেশন করেছিলেন, সৌগত কুন্ডু এবং শম্পা দাস।

গত ২৮শে এপ্রিল, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির উদ্যোগে, একটি সান্ধ্যকালীন অনুষ্ঠানে, শুভ নববর্ষ উপলক্ষ্যে নৃত্য এবং সঙ্গীতের একটি বিশেষ অনুষ্ঠান "চিরসখা" অনুষ্ঠিত হয়েছে। সঙ্গীত পরিবেশন করেন নবারুণ ভট্টাচার্য এবং আনন্দধারা। সমগ্র অনুষ্ঠানটির পরিচালনায় ছিলেন, সুতপা ঘোষ দস্তিদার।

# আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ৫ই মে, রবিবার, মুক্তধারা মঞ্চে একটি সান্ধ্যকালীন অনুষ্ঠানে, সপ্তক গোষ্ঠী কবিপ্রণাম অনুষ্ঠানের আয়োজন করেছেন। এই সাংস্কৃতিক সন্ধ্যায় সপ্তক গোষ্ঠীর সাথে রাজধানী শহরের বেশ কয়েকটি জনপ্রিয় গানের দল, যথাক্রমে সঞ্জাত, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজ, স্বরছন্দা, রাগিনী, আনন্দধ্বনি এবং আনন্দধারা গুরুগ্রাম অংশ নেবেন।

আগামী ১১ই মে, লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইন্টারন্যশনাল সেন্টারে, প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্টের বিশেষ উদ্যোগে, রবীন্দ্রনাথ ঠাকুর এবং ভিক্টোরিয়া ওকাম্পোর ঐতিহাসিক সাক্ষাৎ এবং রহস্যময় প্রেম আখ্যানের, শতবর্ষ উদ্যাপনের অঙ্গ হিসাবে, কলকাতার বিখ্যাত রবীন্দ্রসঙ্গীত শিল্পী অদিতি গুপ্ত, রবীন্দ্রসঙ্গীতের একটি দোয়ন পরিবেশন করবেন।


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
আমাদের আত্মপরিচয়
আমাদের আত্মমর্যাদা
আমাদের ভাষা
১৯শে মে
ভাষা
শহিদ
দিবস

আগামী ১১ই মে, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, লে রিদম ফোরাম ফর কালচার এবং এডুকেশনের উদ্যোগে, “চরণ ধরিতে দিও গো আমারে” শীর্ষক একটি বিশেষ সঙ্গীতানুষ্ঠানে, রবীন্দ্রসঙ্গীত পরিবেশনে উপস্থিত থাকবেন, পদ্মশ্রী রেজওয়ানা চৌধুরী বন্যা।

আগামী ১২ই মে, রবিবার সকাল ১০.৪৫ থেকে দুপুর ১২.৩০ পর্যন্ত, দিল্লির কামানি অডিটোরিয়ামে, বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপনের অঙ্গ হিসাবে গুরুগ্রামের বিখ্যাত সাঙ্গীতিক দল আনন্দধ্বনি, “উন্মেষ” শীর্ষক একটি মর্য্যাদাপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করতে চলছে।

আগামী ১৮ই মে, শনিবার বেঙ্গলি রেসিডেন্ট কালচারাল অ্যাসোসিয়েশন এবং কালকাজী ডিডিএ ফ্ল্যাটস-এর বাসিন্দাদের উদ্যোগে, কবিগুরুকে শ্রদ্ধা নিবেদন করে, রবীন্দ্রজয়ন্তী উৎসবের আয়োজন করা হয়েছে।

আগামী ২৬শে মে, রবিবার সন্ধ্যায় চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, স্বরতরঙ্গ আয়োজিত, রবীন্দ্রনাথের বিভিন্ন ভাবধারার কবিতাকে কেন্দ্র করে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

# একটি বিশেষ আবেদন

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর ‘অ্যাসোসিয়েশন সংবাদ’ নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেই সংবাদ প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা কোনো সাংস্কৃতিক সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@ gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।

অঙ্কুর BENGAL ASSOCIATION বেঙ্গল অ্যাসোসিয়েশন NEW DELHI ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

**A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION, PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR 'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!**

Paytm Accepted Here

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE. IN ORDER TO OBTAIN A RECEIPT PLEASE SHOW THE SCREEN SHOT OF THE TRANSACTION AT BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G






**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**